

রাষ্ট্র বিজ্ঞানের চেয়ারম্যানকে হত্যার হুমকি

নিরাপত্তাহীনতায় জবির শিক্ষক-ছাত্ররা

৷ জবি সংবাদদাতা ৷

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্ররা ক্যাম্পাসে নিরাপত্তাহীনতার ভূগছে। মঙ্গলবার রাষ্ট্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যানকে হত্যার হুমকি দিয়েছে সমাজ বিজ্ঞান বিভাগের ছাত্র গাফফার। এ নিয়ে গত দুইমাসে ৮টি সংঘর্ষ ও ২ জন শিক্ষক দাফনের ঘটনা ঘটে। কিন্তু এ পর্যন্ত একটি ঘটনারও বিচার হয়নি। চিহ্নিত কতিপয় ছাত্র নির্যমিত ক্যাম্পাসে হাস্যমো ও শিক্ষক দাফনার মত কাজ করলেও অজানা কারণে তারা ধরা-হোয়ার বাইরে থাকছে। ক্যাম্পাসের এ নিরাপত্তাহীনতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন ছাত্র-শিক্ষক ও অভিভাবকগণ।

প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, সমাজ বিজ্ঞান বিভাগের মাইনিস্টার ছাত্র গাফফার গতকাল দুপুরে রাষ্ট্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যানের অফিসে যায়। বিভাগের চেয়ারম্যান হাসান সোহরাওয়ার্দীর অনুমতি ব্যতীত অফিসের ফাইলপত্র খুঁজতে থাকে। এতে চেয়ারম্যান তাকে স্বাধা দেন এবং অফিস থেকে বের হয়ে যেতে বলেন। এ সময় গাফফারের সাথে চেয়ারম্যানের বাক-বিতণ্ডা হয়।

পরে গাফফার তার বন্ধুদের নিয়ে পুনরায় চেয়ারম্যানের অফিসে গিয়ে তাকে হত্যার হুমকি দেয়। এ ঘটনায় শিক্ষক পরিষদের দুপুরে বৈঠক ডাকা হয়। বৈঠকে এ ঘটনার জন্য সংশ্লিষ্ট ছাত্রের শাস্তি দাবি-জানানো হয়। এর আগে গত ৯ মার্চ রবিবার বাংলা বিভাগের প্রভাষক সুলতানা বানমকে ছাত্রদলীয় কর্মীরা দাফিত করে। কিন্তু এ ঘটনার বিচার করা সম্ভব হয়নি। গত ২২ মার্চ ছাত্রদের দুইমাসের সংঘর্ষে বাংলা বিভাগের ৩৪ বর্ষের ছাত্র কাজল নিহত হয়। কাজল হত্যাকারীরা নির্যমিত ক্যাম্পাসে মড়া দিচ্ছে। কিন্তু অজানা কারণে তাদের কাউকে মোফতার করা হয়নি। এভাবে অপরাধীরা নির্যমিত পার পেয়ে যাচ্ছে। বাংলা ৪র্থ বর্ষের ছাত্র রানা জানায়, ক্যাম্পাসের সকল ঘটনায় অপরাধীরা পার পাওয়ার কারণে অপরাধ বৃদ্ধি পাচ্ছে। আমরা ক্যাম্পাসের নিরাপত্তা চাই।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের তিসি ড. সিরাজুল ইসলাম বলেন, আমরা ক্যাম্পাসে যথেষ্ট নিরাপত্তা দিয়ে আসছি; কিন্তু ছাত্র রাজনীতির কারণে অনেক ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ সম্ভব হচ্ছে না।